# BODHODOY

## REG NO. S0004767

*April, 2021 - March, 22*

## *Annual Report for the F.Y 2021-22*




**BODHODOY : A Registered Social Organisation emphasises on Education, Health and Empowerment for downtrodden especially rural and tribal people .**

**Web Site Address : www.bodhodoysociety.com**

2017 এর November মাস। একদল তরুণ ঠিক করেছিল পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ের মাঠা জঙ্গল থেকে ঝালদা পর্যন্ত Treak করবে। Treak শুরু হয়েছিল NATMO এর Joint Director ড: ত্রিদিব বাসু এর ব্যবস্থাপনায় । পুরুলিয়ার মাঠা পাহাড়,ময়ুর পাহাড়,অযোধ্যা Hill Top, তেলিয়াভাষা, মাছকান্দা ঝর্না, খয়রা বেড়া ,চামটু বুডু হয়ে ঝালদা এর রানিডি এই ছিল যাত্রাপথ। এই পথেই একদিন চলতে চলতে আমরা এসে পড়লাম অযোধ্যা পঞ্চায়েত এর রুগরুঘুটু গ্রামে। সন্ধ্যে হয়েগেছে,আর পা চলছে না Team Leader ঋত্তিক বসু ঠিক করলেন ঐ গ্রামেই রাত কাটাবেন।রাত কাটালাম রুগরুঘুটুতে, আলাপ হল রুগরুঘুটুর বিভিন্ন মানুষের সাথে। বলা ভালো সেই রাতেই এক আত্মীয়তার বন্ধনে আমরা জড়িয়ে পড়লাম সুশেন টুডু, শ্রীকান্ত মুর্মু দের সাথে সেই রাতেই আমারা দেখেছিলাম পানীয় জলের দুষ্প্রাপ্যতা।আমরা দেখেছিলাম শীতের রাতে একটু কম্বল এর জন্য কি করুন অবস্থা।সকাল হোল, আমরা আবার রওনা দিলাম অন্য একটি গন্তব্য এর দিকে। কিন্তু রুগরুঘুটু মনের ভিতর যায়গা করে নিল।

কিছু একটা করতেই হবে এই বাসনা থেকেই 2018 এর জানুয়ারি মাসে আমরা আমাদের কাজ শুরু করলাম।প্রথমেই আমরা গোটা গ্রাম টিকে সমীক্ষা করলাম, কতজন গ্রামবাসী, কতজন মহিলা, কতজন পুরুষ, প্রধান জীবিকা কি, খাদ্যভ্যাস, পানীয় জলের উৎস্য।জঙ্গল এর উপর নির্ভরশীল মানুষের সংখ্যা, প্রাথমিক বিদ্যালয়ের ও চিকিৎসা কেন্দ্রের অবস্থান।ঠিক এই সময়েই আমাদের আবেদনে সাড়া দিয়ে সাহায্যের হাত বাড়িয়ে দিলেন পাঁচলা মহাবিদ্যালয়ের সঙ্ঘমিত্রা দাস দিদিরা।আমরা প্রতিটি পরিবারের হাতে শীতের কম্বল তুলে দিতে পারলাম।তুলে দিতে পারলাম ছোটো ছোটো ভাই বোনেদের হাতে শীতের পোশাক ।শুরু হল পথচলা ।

এরপরেই পাড়া ব্লক স্বাস্থ্য কেন্দ্রের  ডাক্তার বাবুরবীন্দ্রনাথ মন্ডল মহাশয়ের তত্বাবধানে আমরা বিনামূল্যে স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছিলাম।গ্রামবাসীদের সাথে কথা বলে জানতে পারলাম একটা শিক্ষা কেন্দ্রের খুব প্রয়োজন। এগিয়ে এলেন সোনারাম মুর্মু,ফাগুরাম মুর্মু, লক্ষীন্দর টুডু পড়ানোর জন্য।শুরু হল রুগরুঘুটু হালিহারিয়ার শিক্ষানিকেতন  এর। আর্থিক সাহায্যের হাত বাড়িয়ে দিলেন The RELEARN FOUNDATION। ব্লক ও জেলা প্রশাসনের আধিকারিকদের সাথে কথা বলে পঞ্চায়েত প্রতিকার এর মাধ্যমেই তৈরি হল কংক্রিটের বাঁধানো পাতকুয়া এবং গভীর নলকূপ।রুগরুঘুটুর সাথে সম্পর্ক আরও নিবিড় হল।

কাজের প্রয়োজনে একটি Registered Society তৈরি করা জরুরী হয়ে পড়ল। ন জন সম মানসিকতার মানুষ কে নিয়ে তৈরী হল "বোধোদয়"। বোধোদয় এর মূল লক্ষ্য ছিল মূলত প্রান্তিক গ্রামীণ অঞ্চলের শিশুদের  শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে কাজ করা এবং তাদের আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে হস্ত শিল্প নির্ভর গ্রামীন কুটির শিল্পের উপর জোড় দেওয়া।

বোধোদয় এর শিক্ষানিকেতন গুলি গড়ার পিছনে বেশ কিছু উদ্দেশ্য ছিল। **প্রথমত,** প্রথাগত বিদ্যালয়ে যারা যেতে পাড়ছেনা,তাদের কে প্রাথমিক কিছু পাঠদান করে ,কিছুটা ভিতি কাটিয়ে পুনরায় শিক্ষার মূল স্রোতে আনা।

**দ্বিতীয়ত,** যারা বিভিন্ন কারনে পড়া ছেড়ে দিয়েছে তাদেরকে এই শিক্ষা কেন্দ্রে নিয়ে আসা।

**তৃতীয়ত,** একটু বাংলা,ইংরাজি এবং অঙ্ক যাতে করতে পারে, বিদ্যালয়ের পাশাপাশি আরও একটু চর্চার মধ্যে রাখা।

**চতুর্থত,** যে সমস্ত শিক্ষক ও শিক্ষিকারা এই কেন্দ্রে পড়াচ্ছেন তারাও যেন তাদের উচ্চ শিক্ষার পাঠ চালিয়ে যেতে পারে।একে একে শিক্ষানিকেতন এর সংখ্যা বাড়তে থাকলো।

আমরাও আমাদের বোধোদয় কে রুগরুঘুটু থেকে অযোধ্যার ই পিটিদিরি, পুরুলিয়ার পুঞ্চার ভূতাম শবর পল্লী, বান্দোয়ান এর বুড়িঝোর, আমঝর্ণা,কাররু, কাশিপুর এর শিউলিবাড়ি, বাঁকুড়ার তালডাংড়া ব্লকের উপরশোল এবং রানীবাঁধ এর রাজাকাটা তে ছড়িয়ে দিতে পারলাম।

শুধু পাঠদান নয়, পড়াশনার পাশাপাশি শিশুদের জন্য খেলাধূলা, বাৎসরিক সাংস্কৃতিক প্রতিযোগিতা,শিক্ষার্থীদের নিয়ে জেলা বিজ্ঞান কেন্দ্রে নিয়ে যাওয়া, শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীলতা কে বাড়ানোর জন্য, লেখার সুঅভ্যাস গড়ে তোলার জন্য ত্রিমাসিক পত্রিকা প্রকাশ করা এই সবই করা হয়েছে। প্রতিটা কেন্দ্রে প্রতি ছয়মাস অন্তর Free Medical Camp করা হয়েছে।বিভিন্ন সময় বিভিন্ন ডাক্তার বাবুদের আমরা এই মহৎ কাজে পেয়ছি বাঁকুড়া সম্মিলনি ম্যেডিকেল কলেজ, মেদিনীপুর মেডিক্যাল কলেজ এবং পুরুলিয়ার পাড়া ব্লক স্বাস্থ্য কেন্দ্র থেকে।

এছাড়াও আমাদের শিক্ষানিকেতন গুলি যে যে গ্রামে আছে সেই সমস্ত গ্রামের শবর, সাঁওতাল ও কালিন্দী অধিবাসীদের জন্য বিভিন্ন সময় বিভিন্ন উন্নয়ন মূলক ও স্ব-নির্ভরতার জন্য আমরা কর্মসূচি গ্রহণ করেছি। যেমন পুরুলিয়ার পুঞ্চার ভূতাম শবর পল্লীতে সেলাই মেশিন, শালপাতার মেসিন দেওয়া হয়েছিল। তাদের প্রশিক্ষণ এর জন্য বিশেষ কর্মশালার আয়োজনও করা হয়েছিল। আবার পুরুলিয়ার অযোধ্যার অধিবাসীদের জন্য টমেটো শস্ তৈরী করার প্রশিক্ষণ দেওয়া ও তাঁদের হাতে হাতে তৈরি করা শিখিয়ে আমরা বিভিন্ন মানুষের কাছে পোঁছে দিয়েছি। অন্যদিকে পুরুলিয়ার নির্ভয়পুর শবর গ্রামের মহিলাদের বাবুই ঘাস, খেজুর পাতা ও কাশি ঘাস দিয়ে তৈরী বিভিন্ন শৌখিন জিনিস পত্রআমরা বিভিন্ন অঞ্চলের মানুষের কাছে পৌছে দিয়েছি এবং প্রাপ্ত অর্থ আবার সেই গ্রামে পোঁছে দিতে পড়েছি।

প্রথমেই যখন Covid-19 এর জন্য চারিদিকে Lock-down, তখন বোধোদয় পুরুলিয়ার, বাঁকুড়ার বিভিন্ন অঞ্চলে শুকনো খাবার, ঔষধ, সাবান প্রভৃতি জিনিস পোঁছে দিতে সক্ষম হয়েছে।

শুধুমাত্র শিক্ষানিকেতন কেন্দ্রিক আমাদের কর্মকান্ড কে সীমাবদ্ধ না রেখে পুরুলিয়ার ও বাঁকুড়ার বিভিন্ন মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছে বোধোদয়। তাদের বিভিন্ন খাতা ও বই আমরা বোধোদয় এর পক্ষ থেকে কিনে দিয়েছি এবং পাশে থাকার আশ্বাস

দিয়েছি। বোধোদয় পরিচালিত সকল শিক্ষানিকেতন এর শিক্ষকদের পড়ানোর গুনগত মান উন্নয়ন এর জন্য আমরা তিন দিনের আবাসিক শিক্ষক প্রশিক্ষণ এর ব্যবস্থা করেছিলাম বাঁকুড়ার উষারডিহি অঞ্চলে।এই বিষয়ে আমাদেরকে বিশেষ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন ভাস্বতি রয় দিদি এবং অধ্যাপক অরিন্দম গুপ্ত। আমাদের প্রতিটি শিক্ষানিকেতন বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন প্রান্তিক  জনজাতি অধ্যুষিত অঞ্চলেই করেছি। বোধোদয় এর শিক্ষানিকেতন গুলি যেহেতু বিভিন্ন জঙ্গল মহল এলাকায় অবস্থিত তাই বোধোদয় সাপে কাটা,বিভিন্ন কু সংস্কার বিরোধী এবং প্রকৃতি বিষয়ক জন সচেতনতা মূলক আলোচনা সভার আয়োজন করে চলেছে বিভিন্ন শিক্ষানিকেতন গুলিতে।

## কর্মসূচি:

**3rd April,2021:** ড: অনিরুদ্ধ দে এর সংস্থা PRISM এর পক্ষ থেকে দেওয়া 40 টি Water Purifier দেওয়া হল পুরুলিয়ার ছটি শিক্ষানিকেতন এ। রুগরুঘুটু,বুড়িঝোর, আমঝর্ণা,কাররু, কুঁচিয়া, ভূতাম, শিউলিবাড়ি প্রভৃতি শিক্ষানিকেতন গুলি কে দেওয়া হল মোট 40 টি water purifier.




C এর


কল শি




water purifier এর ব্যবহার পদ্ধতি ও প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা ও করা হয়েছে।
ধন্যবাদ জানাই PRISM কে, ধন্যবাদ জানাই ডা: অনিরুদ্ধ দে কে।

**April, 2021 :** ***Income Tax Sports and Recreation Club*** এবং  মাননীয় দেবাশিস সাও মহাশয় এর পক্ষ থেকে বান্দোয়ান এর আমঝর্ণা ও কাররু গ্রামের মোট 30 জন শিশুদের সপ্তাহে প্রতি তিন দিন পুষ্টিকর খাবার ও সরবরাহ করা হচ্ছে। 2020 সাল থেকে শুরু হওয়া এই উদ্যোগ 2021 এর April মাস পর্যন্ত চলেছে। **বোধোদয় পরিবারের** পক্ষ থেকে সকল শুভানুধ্যায়ী দের অসংখ্য ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই  মাননীয় দেবাশিস সাও মহাশয়  কে।

**1st May,2021:** আজ #বোধোদয়_পরিবারের পক্ষ থেকে পুরুলিয়ার #শিউলিবাড়ির শিক্ষার্থীদের জন্য ও পুঞ্চার #ভূতাম_শবর শিক্ষানিকেতন এর শিক্ষার্থীদের জন্য দুটি করে Surgical mask এবং একটি করে Dettol সাবান পাঠানো হয়েছে। Surgical Mask: 300 Pieces. Dettol Soap : 130 Pieces.ধন্যবাদ জানাই বোধোদয় পরিবার কে।



**2st May,2021:** #বোধোদয়_পরিবারের পক্ষ থেকে বাঁকুড়া থেকে কাশিপুর এর উদ্দেশ্যে ঔষধ গুলি পাঠানো হয়েছে। কাশিপুর এ বোধোদয় পরিবারের সদস্য রঞ্জিত মাহাত আছেন, উনি সমস্ত কিছু সংগ্রহ করে যথার্থ স্থানে পৌঁছে দিয়েছিলেন।






**2st May,2021:** কোভিড আক্রান্তদের সুবিধার্থেঃ

কোভিড আক্রান্তদের সুবিধার্থে আমাদের #বোধোদয় পরিবারের উদ্যোগ, হোম আইসোলেশনে থাকা কোভিড আক্রান্ত সহ নাগরিকদের ঘরে প্রতিদিন পৌঁছে যাবো আমরা। বাড়ী বাড়ী তাদের নিত্য প্রয়োজনীয় জিনিস খাবার ,ওষুধ ,

ইত্যাদি তুলে দেবো আমরা।এই উদ্যোগ আমারা নিয়েছিলাম বর্ধমান, বাঁকুড়া,চিত্তরঞ্জন ও খরগপুর এ। আমাদের সহযোদ্ধারা এই কাজে হাতে হাত লাগিয়ে সুসম্পন্ন করেছেন।








**7th May,2021:** এই কোভিড 19 এর যে দ্বিতীয় ঢেউ উঠেছে, তাতে আমরা অনেকেই বিপর্যস্ত - অসহায়।
আমরা অনেকেই ডাক্তার দেখাতে পারছি না, বুঝতে পারছি না ঠিক কি হয়েছে। অনেকেই সাধারণ জ্বর-সর্দি হলেও বুঝতে পারছি না, কি করবো, কোথায় যাব। শিশুদের - বৃদ্ধদের অন্য কোন অসুবিধা হলেও,ভয়ে ডাক্তার দেখাতে আসতে পারছি না।

বোধোদয় পরিবারের পক্ষ থেকে বেশ কয়েকজন ডাক্তার বাবুরা সিদ্ধান্ত নিয়েছেন, ওনারা সপ্তাহের বিভিন্ন সময় টেলিফোন এ যোগাযোগ এর মাধ্যমেই সহ নাগরিক বিভিন্ন অসুস্থ ব্যক্তির চিকিৎসার জন্য সু পরামর্শ দেবেন।এই উদ্যোগ আমারা নিয়েছিলাম বোধোদয় পরিবারের পক্ষ থেকে। সমস্ত ডাক্তার বাবুদের এই উদ্যোগ কে কুর্নিশ জানাই।



**11th May,2021:** বোধোদয় পরিবারের অন্যতম সদস্য #পূজা_ঘোষ ঔষধ গুলি পাঠিয়েছেন পুরুলিয়ার কাশিপুর এর শিউলিবাড়ির জন্য।

বোধোদয় পরিচালিত অনেক গুলি শিক্ষানিকেতন এর মধ্যে #কাশিপুর এর #শিউলিবাড়ি অন্যতম।
এই Covid-19 এর দ্বিতীয় পর্বে পূজা ঘোষ এর এই শুভ উদ্যোগ কে বোধোদয় পরিবারের পক্ষ থেকে সাধুবাদ জানাই।




**11th May,2021:** আমরা পুরুলিয়ায় অবস্থিত #BODHODOY পরিবারের পক্ষ থেকে 4 পিস পালস অক্সিমিটার কিনেছিলাম। ১। কাশিপুরের জন্য একটি (রঞ্জিত মাহাতো) ।
২) দ্বিতীয়টি ভুতম, পুঞ্চা (তপন মাহাতো) এর জন্য,
৩) তৃতীয়টি বান্দোয়ানের বুড়িঝোর ও কারুর জন্য (দেবিলাল সিং)
৪) চতুর্থ জন বাঘমুন্ডির জন্য (সুপ্রিয়া সামন্ত)




**11th May,2021:** দ্বিতীয়বার এর জন্য কাশিপুর এর শিউলিবাড়ির জন্য ঔষধ পাঠানো হল বোধোদয়পরিবারের পক্ষ থেকে। বেশ কিছু ঔষধ দিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিলেন আশ্বাস এর কার্তিক মহান্ত মহাশয়। ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী দের।

**12th May,2021:** আজ এই কঠিন সময়ে, যে কয়েকজন মানুষ রাত-দিন এক করে দিয়ে মানুষের সেবা করে চলেছেন, তাদের মধ্যে অন্যতম হলেন আমাদের সকল নার্সিং সিস্টার।

International Nurses Day তে বোধোদয় পরিবারের সকল নার্স দিদি দের কুর্নিশ জানিয়েছিলাম।




**12th May,2021:** এ দেশের বুকে আঠারো আসুক নেমে কবির এই আর্তি আজকের দিনেও ভীষণ ভাবে প্রাসঙ্গিক, আর সেই প্রাসঙ্গিকতা কে সার্থক রূপ দিতে এগিয়ে এলেন আমাদের সকলের প্রিয় ছোট্ট

#শতাক্ষী তিনি তাঁর জীবনের প্রথম উপার্জন বোধোদয়ের হাতে তুলে দিলেন দীন ও আর্তের সেবায়,

এরকম আঠারোর আহ্বানই কবি করেছিলেন, আমরা শতাক্ষী কে জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন




**15th May,2021:**

মোটেও ভাববেননা এটা একদিনের ছোট্ট পরিকল্পনা যেটা একদিন মাস্ক সাবান ডিটারজেন্ট বিলি করে আর প্রচার করেই শেষ। না এটা একদমই তা না। একটা দীর্ঘমেয়াদি পরিকল্পনার জন্যে কোথাও তো নিজেদের কাজের মাধ্যমে কোনও একটা বিশেষ জায়গায় পৌঁছাতে হয়, তো আজকে আমরা সেটাই করার চেষ্টা করলাম। আর যেহেতু সময়টা কোরোনার তাই সব থেকে ভাল অস্ত্র ও নিশ্চই মাস্ক আর সাবান।




গ্রামের নাম উপরশোল আর বেশিরভাগই সাঁওতাল উপজাতি দের বসবাস এই গ্রামে।

বোধোদয় অনেক আগে থেকেই পুরুলিয়া সহ বিভিন্ন জায়গায় কাজ করে চলেছে। পরিকল্পনা টা খানিকটা এরকম যে বিদ্যালয় এর বাইরে এখানকার বাচ্চাদের পড়াশুনার জন্যে তাদের পাশে দাঁড়ানো। মানে আমাদের কাজ হলো ওই গ্রামেরই কোনও ছেলে মেয়ে যারা কলেজ উত্তীর্ণ বা কলেজ পড়ুয়া তাদের কে এই কর্ম কাণ্ডের সাথে যুক্ত করে এই বাচ্চাগুলোর কাছে আরো একটু তাড়াতাড়ি শিক্ষার আলো পৌঁছে দেওয়া। আর এর বদলে তারা তাদের যাবতীয় পড়াশুনার খরচ , বিভিন্ন জায়গায় ভর্তি বা ফর্ম ফিলআপ এর খরচ এবং নিজেদের টিউশন ফি ও এই সংস্থার কাছ থেকে পাবে। আর বাচ্চাদের ও প্রাথমিক খাতা শ্লেট পেন্সিল পেন ছবি আঁকার সামগ্রী ইত্যাদি দিয়ে সাহায্য করবে এইবোধোদয় ।




**5th June,2021:** ২০১৭ সালের নভেম্বর মাসে পুরুলিয়া জেলার প্রত্যন্ত গ্রাম 'রুঘরুঘুটু' তে যখন বোধোদয় এর প্রথম পদক্ষেপ পড়েছিল তখন পান্থদীপ বন্দ্যোপাধ্যায় , তাপস দাস বা ঈশিতা সোরেন রা কেউই ভাবেননি এই পদক্ষেপ পুরুলিয়ার আরো ৫ টি প্রত্যন্ত গ্রামে নিতে হবে,



ভাবেননি একদিন পুরুলিয়ার ৬ টি গ্রামের সাথে সাথে বাঁকুড়া জেলাতেও #বোধোদয় এর কর্মযজ্ঞে সামিল হতে হবে।

আজ ০৫/০৬/২০২১ বাঁকুড়া জেলার তালডাংরা থানার সাতমৌলি অঞ্চলের উপরশোল গ্রামে বসে বসে এ কথাটাই ভাবছিলেন কোলকাতা থেকে আসা সংঘমিত্রা ম্যাডাম ও ধ্রুব বাবুও।

বোধোদয় এর যাত্রাপথ বিস্তৃত হয়েছে বিভিন্ন জায়গায় বিভিন্ন নব নব সদস্য নিযুক্ত হওয়া ও তাঁদের সক্রিয় ভূমিকার জন্যই। বাঁকুড়া তে তেমনই যুক্ত হয়েছেন আরও অনেকেই। বাঁকুড়ার ডাঃ কার্তিক মহান্ত পুরোনো সক্রিয় সদস্য ছিলেনই এছাড়াও নব নিযুক্ত শোভন গুপ্ত, দেবাংশু পরামানিক, দেবার্নব সেন, হারাধন মিদ্যা, কচিলাল শীট প্রমূখদের সক্রিয় সহযোগিতায় আজ সূচনা হোল #উপরশোল_শিক্ষায়তনের। বোধোদয় এর আর এক সন্তান। যার দেখাশোনার দায়িত্ব দেওয়া হল স্থানীয় রাসমনি মূর্মূ কে।




বাঁকুড়ার উপরশোল গ্রামের অবস্থান বিষ্ণুপুর জঙ্গলের মধ্যে। জঙ্গলঘেরা ছোট্ট আদিবাসী প্রধান গ্রাম। সহজ সরল সাধারণ মানুষ। শিক্ষার্থীদের অভিভাবকদের জীবিকা অর্জনের জন্য বেরিয়ে যেতে হয় জঙ্গলে কাঠ - পাতা কুড়োতে , শ্রমিক হিসেবে অন্যের জমিতে কাজ করতে। ফলতঃ ছোটো ছোটো শিক্ষার্থীদের বাড়িতে পড়ানো বা পাশে থাকার মতো কেউ থাকতে পারেন না। শিক্ষার্থীরা সবাই 1st Generation Learner । তার উপর করোনা পরিস্থিতির জন্য দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ। স্বাভাবিক ভাবেই শিক্ষার্থীদের অনেকেরই পঠনপাঠন স্তিমিত। এই পরিস্থিতিতে বোধোদয় উদ্যোগ নিয়েছে ঐ সমস্ত শিক্ষার্থীদের একটু হলেও যদি এগিয়ে নিয়ে যাওয়া যায়।



এই অভাব একদিনে মিটিয়ে দেওয়া সম্ভব নয় তা ঠিকই, তবুও এই নিরবচ্ছিন্ন প্রক্রিয়ার একটা শুভ সূচনা দরকার ছিল। তাই আজকের বিশ্ব পরিবেশ দিবসের মতো শুভ একটি দিনে সূচনা হল 'উপরশোল বোধোদয় শিক্ষায়তন' র।



যে যে কর্মসূচি গুলি আজ অনুষ্ঠিত হোল -

১। উপরশোল বোধোদয় শিক্ষায়তনের প্রতিষ্ঠা।

২। শিক্ষিকা হিসেবে রাসমনি মূর্মূ কে নিযুক্তকরণ ।

৩। প্রত্যেক শিক্ষার্থীদের মাস্ক প্রদান।

৪। প্রত্যেক শিক্ষার্থীদের বোর্ড, খাতা, কলম , পেন্সিল, Sharpner, Eraser, Pencil Box, Drwaing Book, Crayon, ও অল্প কিছু বই ও কিছু শ্লেট প্রদান #প্রত্যর্পন ও #বোধোদয় এর যৌথ উদ্যোগে।

৫। প্রত্যেক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও অভিভাবকদের উপস্থিতিতে প্রয়োজনীয় ঔষধ প্রদান #আশ্বাস এর কার্তিক মহান্ত এর সহযোগিতায়।

৬। শিক্ষিকা রাসমনি মূর্মূ র হাতে one side black and one side white board, Board



Marker, Duster, Chalk, Map, Chart প্রদান।

৭। পরিবেশপ্রেমী সংগঠন #গ্রীন_প্লেটু র সহযোগিতায় চারা গাছ রোপন ও প্রত্যেক শিক্ষার্থীদের টিফিন প্রদান।

আশা করি সকলের সহযোগিতায় এভাবেই বোধোদয় এর যাত্রাপথ আরো সুদূরপ্রসারী হবে। আলোকবর্তিকা নিয়ে পৌঁছে যাবো আমরা প্রত্যন্ত, দুর্গম, আলোহীন অঞ্চলে।

**15th June,2021:** আয়োজক পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ সংস্থা। আমন্ত্রণে সাড়া দিয়েছিল বোধোদয় পরিবার। রক্তের সংকট মেটাতে Blood donation camp. শুধু বাঁকুড়া নয়, বোধোদয় এর পুরুলিয়ার কাশিপুর এর সদস্য রাও ছুটে এলো রক্তের বন্ধনে। বৃষ্টি ভেজা দিন কে উপেক্ষা করেও বাঁকুড়া মিউনিসিপ্যাল হাই স্কুলে বোধোদয় পরিবারের থেকে রক্ত দিলেন আট জন। পান্থদীপ বন্দ্যোপাধ্যায়,দেবাংশু পরামানিক ,রঞ্জিত মাহাত, বিশ্বজিত মাহাত, ডঃ কার্তিক মহান্ত,



যে কোন Medical camp সব সময়ই পাই B.S.M.C.H এর ডঃ কার্তিক মহান্ত কে। আজকেও ওকে পেলাম, পুরুলিয়ার থেকে ছুটে এসেছে হেলাল আহমেদ, বিশ্বজিৎ মাহাত, বিধান মাহাত। কার্তিক ওর এক বন্ধু শুভানন্দ মাহাত কে ফোন করে, সেও ডাকে সাড়া দেয়।আমরা সকলে আজ একটা বৃহত্তর বোধোদয় পরিবার ,সেখানে সকল বন্ধু একসাথে হওয়ার ও একসাথে পথ হাঁটার স্বপ্ন দেখি।

চলুন রক্তের সংকট মেটাতে এক একজন করে এগিয়ে আসি।



ধন্যবাদ জানাই বোধোদয় পরিবার কে। ধন্যবাদ জানাই পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এর বাঁকুড়া জেলার সম্পাদক জয়দেব চন্দ্র বাবুকে। ধন্যবাদ জানাই বাঁকুড়া বিজ্ঞান কেন্দ্রের সোমনাথ দত্ত বাবু কে।

**1st July,2021:** মাননীয় ডাঃ রবীন্দ্রনাথ মন্ডল মহাশয়,ডাঃ কার্তিক মহান্ত মহাশয়,ডাঃ অপূর্ব কর্মকার মহাশয়, মাননীয় ডাঃ সৌরভ দন্ডপাট মহাশয়, ডাঃ মুকুল পরামানিক মহাশয়, ডাঃ সম্বৃতা বন্ধু মহাশয়া, ডাঃ দেবাশিস পরামানিক মহাশয়,মাননীয় ডাঃ অশোক কুমার চক্রবর্তী মহাশয়, ডাঃ সৌরভ কর্মকার মহাশয়, এই দীর্ঘ lock-down ও covid-19 চলাকালীন আপনার ভূমিকা অসামান্য। আমরা আপনাকে ধন্যবাদ জানাই আপনার অকুন্ঠ সেবাব্রত কাজের জন্য। বোধোদয় পরিবার আপনাকে পাশে পেয়ে গর্বিত। #National_Doctors_Day তে বোধোদয় সকল ডাক্তার বাবুদের শ্রদ্ধা জানিয়েছিলো।




**13st July,2021:** FREE MEDICAL CAMP, Organised by BODHODOY & ASHWAS jointly.

স্বামী বিবেকানন্দ এর প্রয়াণ দিবসে আরও একটি ভালো কাজের মাধ্যমে উদযাপন করলো #বোধোদয়।

গতকাল 4th জুলাই ছিলো স্বামীজীর প্রয়াণ দিবস, সারা জীবন যিনি মানব সেবাকে অগ্রাধিকার দিয়ে গেছেন, অপরদিকে মানুষদের পাশে থাকার মনোভাব নিয়ে গড়ে উঠেছে #বোধোদয়, তাই যখন চারদিকে সবকিছু প্রায় স্তব্ধ, বিধিনিষেধের কড়াকরি, অথচ করোনা মহামারীর তৃতীয় ঢেউ এর ভয়াল ভ্রূকুটি তখনি বোধোদয় পরিকল্পনা করে একটি স্বাস্থ্য শিবিরের, প্রত্যন্ত ভুতাম শবর পল্লীতে, পাশে পায় বাঁকুড়া মেডিকেল কলেজের চিকিৎসক মন্ডলীদের #আশ্বাস, পারা ব্লকের চিকিৎসক ও চিত্তরঞ্জন রোটারি ক্লাবকে,





শিবির শুরু হয় ঠিক 9 টায় কোভিডের সমস্ত স্বাস্থ্য বিধি মেনে, বিতরণ করা হয় মাস্ক, স্যানিটিরী ন্যাপকিন, চিকিৎসা হয় প্রায় 125 জন বিভিন্ন বয়সের নারী পুরুষের, এছাড়াও অপুষ্টি জনিত সমস্যার সমাধানের জন্যে উপস্থিত মায়েদের বিভিন্ন দিক তুলে ধরা হয়, তুলে ধরেন Nutritionist অঙ্কিতা রায় ও B.M.O.H of Para B.P.H.C ডাক্তার রবীন্দ্রনাথ মন্ডল। সরকারী স্তরের নূতন নূতন সুবিধা গুলি তুলে ধরা হয়, প্রতিটি মানুষের সাথে ডাক্তার বাবুরা গভীর মনোযোগের সাথে তাদের সমস্যা সম্বন্ধে জানেন, প্রয়োজনীয় উপদেশ ও ওষুধ দেন, এই মহতী কর্মযজ্ঞে পাশে ছিলেন 7 জন ডাক্তারবাবু...




Dr Mukul Pramanik
Dr Rabindranath Mondal
Dr Lincon Kirtaniya
Kartik Mahanta
Apurba Karmakar
Siddharth Kumar Sarkar
Kallol Mondal

#বোধোদয় শব্দের সাথে শিক্ষার ছোঁয়া আছে তাই #বোধোদয় এর যে কোনো অনুষ্ঠানে পঠন পাঠনের সামগ্রী বাচ্ছাদের তুলে দেয়া হয় এবারও তার অন্যথা হয়নি, প্রতিটি শিক্ষার্থীদের জন্য পেন,পেন্সিল, খাতা,নতুন বই, চক্,আঁকার খাতা, রং পেন্সিল তুলে দেওয়া হয় #বোধোদয় এর পক্ষ থেকে ।শিক্ষক শিক্ষিকাদের সুবিধার জন্যে #আশ্বাস থেকে লেখার বোর্ড তুলে দেন ডাক্তারবাবুরা.

ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী মানুষ কে।



**15th August,2021:** ।স্বাধীনতা দিবস উদযাপন। উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন ,তালডাংড়া, বাঁকুড়া,Observation of 15th August , #Bodhodoy বিশেষ ধন্যবাদ জানাই শোভন গুপ্ত ও হারাধন মিদ্যা মহাশয়কে। ধন্যবাদ জানাই উপরশোল শিক্ষানিকেতন এর শিক্ষিকা রাসমনি মূর্মু কে।






**15th August,2021:** শিউলিবাড়ি বোধোদয় শিক্ষানিকেতন ,শিউলিবাড়ি, কাশিপুর, পুরুলিয়া,Observation of 15th August ,#Bodhodoy ,#শিউলিবাড়ি_বোধোদয়_আদর্শ_শিক্ষা_নিকেতন স্বাধীনতা দিবস উপলক্ষে কচিকাঁচাদের বই,খাতা,কলম বিতরণ।ধন্যবাদ জানাই সঞ্জয় মাহাতো ও রঞ্জিত মাহাতো কে।



**26th September,2021:** বোধোদয় পরিচালিত সকল শিক্ষানিকেতন এ ছোটো ছোটো অনুষ্ঠান এর মধ্য দিয়েই 26শে সেপ্টেম্বর এর এই শুভ দিন টি পালন করা হয়েছিলো। বোধোদয় পরিবারের পক্ষ থেকে জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য




**2nd October,2021:** আজ মহাত্মা গান্ধীর জন্ম দিবস উপলক্ষ্যে Income Tax Sports & Recreation Club এবং বোধোদয় এর যৌথ উদ্যোগে একটা সুন্দর অনুষ্ঠান পালিত হল উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন এ।শীত বস্ত্র ও শাড়ি তুলে দেওয়া হয়েছিলো উপরশোল গ্রামের 100 জন আদিবাসী মা' দের হাতে। শিক্ষানিকেতন এর সকল শিক্ষার্থীদের জন্য খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছিলো।









**19th December,2021:** Annual Sports at Uporsole Bodhodoy Siksha Niketan

গত 19/12/21 বিষ্ণুপুর থেকে ১০ কিমি দূরে অবস্থিত উপরশোল এখানে একটি শিক্ষা কেন্দ্র গড়ে উঠেছে বোধোদয় এর পরিচালনায়, শিক্ষা কেন্দ্রের দায়িত্বে আছেন রাসমণি ওই গ্রামেই তিনি থাকেন



গত রবিবার সেই কেন্দ্রের শিক্ষার্থী দের জন্যে আয়োজন করা হয় বার্ষিক ক্রীড়ানুষ্ঠান এই ক্রীড়ানুষ্ঠান এর মূল দায়িত্ব ছিলো বোধোদয় ক্রীড়া কমিটির সেই দায়িত্ব সুচারু রূপে সম্পন্ন করেন ঈশিতা, অনির্বান সাথে রাসমনি ও ওই কেন্দ্রের সমস্ত বাচ্চারা, শহুরে কৃত্রিম মানসিকতা এখানে ছিলো অনুপস্থিত তার জায়গায় ছোঁয়া পেলাম এক অনাবিল আন্তরিকতার



প্রধান অতিথির মঞ্চ, পতাকা উত্তোলনের মঞ্চ, সমগ্র মাঠ, ক্রীড়ানুষ্ঠান উপলক্ষে রান্না ও তার মেনু সব কিছুই সম্পূর্ণ স্থানীয়,

প্রধান অতিথি হিসেবে ছিলেন প্রখ্যাত ডাক্তার বাবু দেবাশীষ পরামানিক বিশেষ অতিথি হিসেবে আমাদের শোভন বাবু, কচিলাল বাবু, হারাধন বাবু উপস্থিত

ছিলেন, আর ছিলেন বোধোদয়ের সারথি পান্থ, সাথে দেবাংশু বাবু,

ওই দিন উপস্থিত থেকে উৎসবের এক নূতন আঙ্গিকের খোঁজ পেলাম, নিজেদের উৎসব সম্পূর্ণ নিজেদের মত করে উদযাপন, নিজেরাই মাঠে চুন দিচ্ছে নিজেরাই পতাকার জন্যে আলপনা দিচ্ছে, গর্ত করছে, রান্নার বাজার করছে মঞ্চ তৈরী করছে, আবার অতিথি কে বরণ করার জন্যে যে স্মারক তাও এরা নিজেদের হাতে তৈরী করেছে, সত্যিই কোনোদিন এরকম ঘটনার সাক্ষী থাকবো ভাবিনি, সেদিনের থাওয়া দাওয়া, সকালে স্থানীয় মুড়ি ও ঘুগনি, দুপুরে খিচুড়ি, বাঁধাকপির তরকারি আর চাটনি, প্রত্যেকে প্রাণভরে খেয়েছেন,সবার সাথে মেঝেতে বসে অতিথি বর্গ যখন একাত্ম হয়ে গেছেন তখনই যেন স্বামীজীর সেই কথা মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, চন্ডাল ভারতবাসী তোমার ভাই সত্য হোলো



**January,2022 :** আমঝর্ণা ও কাররু শিক্ষানিকেতন। এখানে মোট 55 জন শিক্ষার্থীরা পড়াশোনা করে। এখানে পড়ান গণপতি মান্ডি ও দূর্গামনি হেমব্রম। #বোধোদয় এর ব্যবস্থাপনায়, #প্রয়াস এর আর্থিক সহযোগিতায় বান্দোয়ান ব্লকের কুঁচিয়া পঞ্চায়েত এর আমঝর্ণা ও কাররু গ্রামের 33 টি শবর পরিবারে মোট 55 জন শিক্ষার্থীরা পড়াশোনা করে। December,2021 এ শুরু হওয়া শিক্ষানিকেতন দুটি January, 2022 পর্যন্ত এই শুভ উদ্যোগ চলেছিল। বোধোদয় পরিবারের পক্ষ থেকে **প্রয়াস** এর এই শুভ উদ্যোগ কে কুর্নিশ জানাই।

**10th January,2022:** #বোধোদয় এর উদ্যোগে বাঁকুড়ার রানীবাঁধ এর রাজাকাটা গ্রামে শুরু হল আরও একটি শিক্ষানিকেতন। সহযোগিতায় #সহস্রমত। এছাড়াও আমরা পেয়েছি শিক্ষক সাপারাম সরেন, বাসুদেব হালদার,মার্শাল মুর্মু, শিক্ষিকা কমলা সোরেন কে। বিশেষ সহযোগিতায়



পেয়েছি সিদ্ধেশ্বর ব্যানার্জী মহাশয় কে।



**22nd February,2022:** Dr. Aniruddha Dey মহাশয় এর "PRISM" এর আর্থিক সহায়তায় এবং "বোধোদয়" এর ব্যবস্থাপনায় পুরুলিয়া ও বাঁকুড়ার মোট 10 জন মানুষ কে আর্থিক ভাবে স্বাবলম্বী করে তোলার জন্য ও নিজেদের পায়ে দাঁড়িয়ে কিছু অর্থ উপার্জন করার জন্য 21/02/22 এ মোট Rs 50000 টাকার দশটি Cheque প্রদান করা হল।







বোধোদয়ের বিভিন্ন কাজে, বিভিন্ন সময়ে আন্তরিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন অনেক শুভানুধ্যায়ী। বিভিন্ন ক্ষেত্রে সু পরামর্শ দিয়েও পাশে থেকেছেন। তাঁদের মধ্যেই অন্যতম মাননীয় সঞ্জয় মুখার্জী মহাশয়।বোধোদয় পরিবারের পক্ষ থেকে ওনাকে আন্তরিক শ্রদ্ধা ও ধন্যবাদ জানাই।

**বোধোদয়** মূলত কাজ করে সাঁওতাল ও শবর মানুষদের নিয়েই।বিভিন্ন শিক্ষক ও গুনি মানুষদের সাহায্য নিয়েই বোধোদয় চলে। বোধোদয় বিশেষ ভাবে কৃতজ্ঞ বিভিন্ন সংগঠনের কাছে,যেমন রিলার্ন ফাউন্ডেশন, প্রিসম, প্রত্যর্পন, উত্তরণ আরামবাগ, স্বপ্নের সাথী,বর্ধমান ফুভিস ক্লাব।সকল শুভানুধ্যায়ী মানুষদের শ্রদ্ধা জানিয়ে আজকের এই সম্পাদকীয় প্রতিবেদন এখানেই শেষ করা হল।

পান্থদীপ বন্দ্যোপাধ্যায়

সম্পাদক, বোধোদয়